

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ আশ্বিন ১৪১৯/২৭ সেপ্টেম্বর ২০১২

নং-০৪.২২২.০৫৮.০০.০৩.০১৪.২০১০-২৫৯ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন দপ্তরসমূহ কর্তৃক অভিন্নভাবে নাগরিকের সাধারণ তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং তথ্যসমূহকে পারস্পরিক প্রয়োজনে ব্যবহার-উপযোগী করার মাধ্যমে নাগরিক সেবা সহজতর ও দ্রুততর করার লক্ষ্যে নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো (Citizen Core Data Structure, CCDS) অনুসরণ করা প্রয়োজন। এ প্রেক্ষাপটে এখন থেকে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ পরিদপ্তর/অধস্তন দপ্তরসমূহে নাগরিকদের তথ্য সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত ১২টি উপাত্ত আবশ্যিকভাবে এবং ০৮টি উপাত্ত ঐচ্ছিকভাবে ব্যবহার করতে হবেঃ


আবশ্যিকীয় উপাত্ত (Mandatory Fields)	ঐচ্ছিক উপাত্ত (Optional Fields)
১। আইডি নং	১। যে নামে পরিচিত
২। নাম (ক) বাংলা (খ) ইংরেজি	২। রক্তের গ্রুপ
৩। মাতার তথ্যাবলি	৩। শিক্ষাগত যোগ্যতা
৪। পিতার তথ্যাবলি	৪। বৈবাহিক তথ্যাবলি
৫। জন্মতারিখ	৫। অসামর্থ্য
৬। জন্মস্থান	৬। জাতিসত্তা
৭। জাতীয়তা	৭। প্রবাসী বাংলাদেশী কি-না
৮। জেন্ডার	৮। বায়োমেট্রিক তথ্যাবলি
৯। ধর্ম	
১০। পেশা	
১১। বর্তমান ঠিকানা	
১২। স্থায়ী ঠিকানা	

২। CCDS-এর নির্দেশিকা ও সর্বশেষ সংস্করণ (সাধারণ ও কারিগরি বর্ণনা) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (<http://www.cabinet.gov.bd/>) পাওয়া যাবে। নির্দেশিকা থেকে বিভিন্ন উপাত্তের (CCDS Field Definitions এবং CCDS Description about each Field) বিশদ বিবরণ উদাহরণসহ পাওয়া যাবে।

৩। এ ছাড়া, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) থেকে (<http://www.bbs.gov.bd/>) CCDS সংক্রান্ত সকল প্রকার কোডের হালনাগাদকৃত তালিকা পাওয়া যাবে। কোডের ব্যাখ্যা বা নতুন কোন কোড প্রবর্তনের ক্ষেত্রে BBS প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ক্ষেত্রে প্রশাসনিক, ভৌগোলিক বা অন্য কোন কারণে নতুন কোড তৈরি করতে হলে সংশ্লিষ্ট দপ্তর BBS-কে অবহিত করবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ নজরুল ইসলাম

অতিরিক্ত সচিব (প্রসওবা)